## ♣ উত্তরপত্র

৩৪ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা

**Total questions : 100 Total marks : 100**

---

1) এশিয়ার হিন্দু রাষ্ট্র কোনটি?

1) নেপাল
2) ভারত
3) ভুটান
✔ 4) কোনোটিই নয়

**ব্যাখ্যা :** হিন্দু দেশ বা হিন্দু রাষ্ট্রের কোনো অস্তিত্ব নেই।তবে হিন্দু সংখ্যাগরিষ্ঠ দেশ আছে দুটি ভারত আর নেপাল। ভারতীয় সংবিধানের preamble -এ ভারতকে ধর্মনিরপেক্ষ রাষ্ট্র ঘোষণা করা হয়েছে। ওদিকে নেপাল হিন্দুরাষ্ট্র থাকলেও ২০০৮ সালে নতুন সংবিধান প্রণয়নের মাধ্যমে তারাও ধর্মনিরপেক্ষ রাষ্ট্রে পরিণত হয়েছে। এই দুই রাষ্ট্রের সংবিধানের কোথাও "In the name of God" অথবা"In the name of Allah" বা বিসমিল্লা,রাম,বিষ্ণু এই জাতীয় ধর্মীয় কথাবার্তা লেখা নেই। ভারত মহাসাগরে অবস্থিত ছোট্ট দেশ Mauritius-এর জনসংখ্যার ৪৮.৫% হলো হিন্দু। এছাড়া দক্ষিণ আমেরিকার সুরিনামে হিন্দুরা শতাংশের দিক থেকে অন্যদের থেকে বেশি। সে দেশে তাদের শতাংশের হার ২২.৩%। তাই সাংবাধিনিক দিক থেকে হিন্দু দেশের অস্তিত্ব নেই।

2) Lunar eclipse occurs on -

1) A new moon day
✔ 2) A full moon day
3) A half moon day
4) A moonless day

**ব্যাখ্যা :** যখন সূর্য ও পৃথিবীর মাঝে চাঁদ অবস্থান করে তখন সূর্য গ্রহন আর পৃথিবী যখন সূর্য ও চন্দ্রের মাঝে অবস্থান করে তখন চন্দ্রগ্রহন হয়।

3) জামাল নজরুল ইসলাম কে?

1) ফুটবল খেলোয়াড়
2) অর্থনীতিবিদ
3) কবি
✔ 4) বিজ্ঞানী

**ব্যাখ্যা :** জামাল নজরুল ইসলাম (২৪ ফেব্রুয়ারি ১৯৩৯ - ১৬ মার্চ ২০১৩) বাংলাদেশের একজন বিশিষ্ট পদার্থবিজ্ঞানী, গণিতবিদ, জ্যোতির্বিজ্ঞানী ও বিশ্বতত্ত্ববিদ।তিনি মহাবিশ্বের উদ্ভব ও পরিণতি বিষয়ে মৌলিক গবেষণার জন্য বিশেষভাবে খ্যাত। ১৯৮৩ সালে কেমব্রিজ ইউনিভার্সিটি প্রেস কর্তৃক প্রকাশিত “দি আল্টিমেট ফেইট অফ দি ইউনিভার্স” তার একটি সুবিখ্যাত গবেষণা গ্রন্থ।
অধ্যাপক ইসলাম মৃত্যুর পূর্ব পর্যন্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের রিসার্চ সেন্টার ফর ম্যাথমেটিকাল অ্যান্ড ফিজিকাল

Hello BCS

সায়েন্সের গবেষক এবং চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর একজন সিন্ডিকেট সদস্য ছিলেন।২০১৩ সালের ১৬ মার্চ তিনি মৃত্যুবরণ করেন।

4) প্রাণদঃ জলঃঃমহীজঃ ?

1) সত্ত্বর
✔ 2) গ্রহ
3) নিঃসর্গ
4) অশ্ব

**ব্যাখ্যা :**

মহীজ শব্দের অর্থ আসামি। এর ইংরেজি প্রতিশব্দ Mars। আবার এর বাংলা অর্থ মঙ্গলগ্রহ, যা গ্রহের একটি রূপ। সুতরাং মহীজের সমার্থক গ্রহ। অন্যদিকে নিঃসর্গ বা পৃথিবীর সমার্থক শব্দ মহী, মহীজ নয়।

5) ২০ ফুট লম্বা একটি বাঁশ এমনভাবে কেটে দু'ভাগ করা হলো যেন ছোট অংশ বড় অংশের দুই তৃতীয়াংশ হয়, ছোট অংশের দৈর্ঘ্য কত ফুট?

1) ৬
2) ৭
✔ 3) ৮
4) ১০

**ব্যাখ্যা :** মনে করি, বড় অংশের দৈর্ঘ্য ক ফুট

এবং ছোট ক এর ২/৩ = ২ক/৩ ফুট

প্রশ্নমতে, ক + (২ক/৩) = ২০

বা, (৩ক + ২ক)/৩ = ২০

বা, ৫ক = ৬০

ক = ১২

ছোট অংশের দৈর্ঘ্য (২ ×১২)/৩ = ৮ ফুট

6) ইনসুলিন নিঃসৃত হয় কোথা থেকে?

✔ 1) অগ্ন্যাশয় হতে
2) প্যানক্রিয়াস হতে
3) লিভার হতে
4) পিটুইটারী গ্লান্ড হতে

Hello BCS

**ব্যাখ্যা :** ইনসুলিন নিঃসৃত হয় অগ্ন্যাশয় থেকে। এছাড়াও সব ধরনের খাদ্য পরিপাককারী এনজাইম অগ্ন্যাশয় থেকেই নিঃসৃত হয়।

7) কোন ডালের সঙ্গে ল্যাথারাইজম রোগের সম্পর্ক আছে ?

1) অড়হর
2) ছোলা
✔ 3) খেসারী
4) মটর

**ব্যাখ্যা :** খেসারী ডালে "BOAA" নামক এক ধরনের অ্যামাইনো এসিড থাকে যা ল্যাথারাইজম রোগের জন্য দায়ী।

8) বরফ পানিতে ভাসে কারণ বরফের তুলনায় পানির -

1) ঘনত্ব কম
✔ 2) ঘনত্ব বেশি
3) তাপমাত্রা বেশি
4) দ্রবণীয়তা বেশি

**ব্যাখ্যা :** পানি যখন বরফে পরিণত হয়, তখন এর আয়তন বাড়ে এবং বরফের ঘনত্ব পানির ঘনত্বের চেয়ে কম তাই বরফ পানিতে ভাসে।

9) বাংলাদেশ উন্নয়ন ফোরামের সমন্বয়কারী কোন সংস্থা?

1) জিকা
✔ 2) বিশ্বব্যাংক
3) ইউএনডিপি
4) আইএমএফ

**ব্যাখ্যা :** ২০১৫ সালের ১৫ - ১৬ নভেম্বর বাংলাদেশ উন্নয়ন ফোরামের সর্বশেষ বৈঠক অনুষ্ঠিত হয় ঢাকায়। এ সম্মেলনে বিশ্বব্যাংক, জাইকা, ইউএনডিপি ও আইএমএফসহ ৩৯ টি উন্নয়ন সহযোগী সংস্থা অংশগ্রহণ করে। তবে প্রধান সমন্বয়কারী বিশ্বব্যাংক।

10) ভানুসিংহ ঠাকুর- কার ছদ্মনাম?

1) সত্যেন্দ্রনাথ দত্তের
✔ 2) রবীন্দ্রনাথ ঠাকুরের
3) প্রমথ চৌধুরীর
4) টেকচাঁদ ঠাকুরের

**ব্যাখ্যা :** রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম' ভানুসিংহ ঠাকুর ' । রবীন্দ্রনাথ ঠাকুর এ ছদ্মনামে 'ভানুসিংহ ঠাকুরের পদাবলী' রচনা করেন। প্রমথ চৌধুরীর ছদ্মনাম 'বীরবল'।

Hello BCS

11) ডায়াবেটিস রোগ সম্পর্কে যে তথ্যটি সত্য নয় তা হলো-

1) এ রোগ মানবদেহের কিডনি নষ্ট করে
✔ 2) চিনি জাতীয় খাবার বেশী খেলে এ রোগ হয়
3) এ রোগ হলে রক্তে গুকোজের মাএা বৃদ্ধি পায়
4) ইনসুলিনের অভাবে এ রোগ হয়

**ব্যাখ্যা :** অগ্নাশয় হতে নিঃসৃত ইনসুলিন নামক হরমোনের অভাবে ডায়াবেটিকস রোগ হয়। এতে রক্তে গ্লুকোজের মাত্রা বেড়ে যায় এবং মুত্রের সাথে গ্লুকোজ বের হয়ে যেতে থাকে। দীর্ঘমেয়াদী অনিয়ন্ত্রিত থাকলে এই রোগে নানাবিধ জটিলতা দেখা দেয়। যেমন- স্ট্রোক, হার্ট এটাক, উচ্চ রক্তচাপ, কিডনি নষ্ট হওয়া ইত্যাদি। চিনি জাতীয় খাবার বেশী খেলে এ রোগ হয় এ কথা সত্য নয় তবে রক্তে গ্লুকোজের মাত্রা স্বাভাবিক রাখতে ডায়াবেটিকস রোগীদের চিনি জাতীয় খাবার যথাসম্ভব পরিহার করা উচিত।

12) মাইকেল মধুসূদন দত্তের রচনা নয় কোনটি?

1) তিলোত্তমা কাব্য
2) মেঘনাদ বধ কাব্য
✔ 3) বেতাল পঞ্চবিংশতি
4) বীরাঙ্গনা

**ব্যাখ্যা :** তিলোত্তমা কাব্য, মেঘনাদ বধ কাব্য ও বীরাঙ্গনা মাইকেল মধুসূদন দত্তের রচনা। বেতাল পঞ্চবিংশতি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের রচনা।

13) আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি গানটির প্রথম সুরকার কে?

1) মাহমুদুন্নবী
2) ফয়সাল মাহদি
3) আলতাফ মাহমুদ
✔ 4) আব্দুল লতিফ

**ব্যাখ্যা :** 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি ' গানটির প্রথম সুরকার আবদুল লতিফ। দ্বিতীয় দফায় গানটিতে সুরারোপ করেন আলতাফ মাহমুদ। প্রথম পর্যায়ে কণ্ঠশিল্পী ছিলেন আবদুল লতিফ, বর্তমানে এটি সমবেত কণ্ঠে গাওয়া হয় । গানটির গীতিকার আবদুল গাফ্ফার চৌধুরী।

14) EURO is the currency of -

1) Asia
✔ 2) Europe
3) America
4) Africa

Hello BCS

**ব্যাখ্যা :** ইউরোপীয় দেশসমূহের সর্ববৃহৎ অর্থনৈতিক জোটের নাম EU। EU এর অন্তর্ভুক্ত দেশগুলোর একক মুদ্রার নাম EURO। EURO চালু হয় ১ জানুয়ারী ১৯৯৯ সালে। EURO চালু আছে ১৮ টি দেশে।

15) Which of the following ecosystems covers the largest area of the earth's surface ?

1) Desert Ecosystem
2) Mountain Ecosystem
3) Fresh water Ecosystem
✔ 4) Marine Ecosystem

**ব্যাখ্যা :** null

16) হাড় ও দাঁত কে মজবুত করে-

1) আয়োডিন
2) আয়রন
3) ম্যাগনেসিয়াম
✔ 4) ক্যালসিয়াম ও ফসফরাস

**ব্যাখ্যা :** হাড় ও দাঁত গঠনে সাহায্য করে ভিটামিন ডি যা ক্যালসিয়াম আয়ন শোষন করে।

17) আমার কক্ষে এক বৃদ্ধ দম্পতি ও তাদের সাথে দুই দম্পতি প্রত্যেকে দুইজন করে সন্তানসহ আমার কক্ষে প্রবেশ করলেন। আমার কক্ষে মোট কতজন লোক হলো?

1) ৯
2) ১০
✔ 3) ১১
4) ১২

**ব্যাখ্যা :**

প্রতি সম্পত্তিতে দুই জন করে, তাই তিন দম্পত্তি অর্থাৎ ৬ জন এবং দুই দম্পতির দুই জন করে সন্তান ফলে মোট দশ জন। তাহলে মোট দশ জন এবং আমিসহ একত্রে ১১ জন।

18) IMF (International Monitary Fund) is the result of -

1) Hawana Conference
2) Geneva Conference
3) Rome Conference
✔ 4) Brettonwood Conference

Hello BCS

**ব্যাখ্যা :** ১৯৪৪ সালে ব্রেটন উডস সম্মেলনের মাধ্যমে IMF প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার সময়কাল ২৭ ডিসেম্বর, ১৯৪৫। সদস্য সংখ্যা ১৮৮। সর্বশেষ সদস্য দক্ষিণ সুদান। বাংলাদেশ সদস্য পদ লাভ করে ১০ মে, ১৯৭২।

19) একটি পঞ্চভুজের সমষ্টি -

1) ৪ সমকোণ
✔ 2) ৬ সমকোণ
3) ৮ সমকোণ
4) ১০ সমকোণ

**ব্যাখ্যা :** (n-2)×180 = (5-2)*180 = 540 or ৬ সমকোণ

20) For which of the following disciplines Nobel Prize is awarded ?

1) Physices and Chemistry
2) Physiology or Medicine
3) Literature, peace and Economices
✔ 4) All of the above

**ব্যাখ্যা :** নোবেল পুরস্কারের প্রবর্তক আলফ্রেড নোবেল। ১৯০১ সা্ল থেকে নোবেল পুরস্কার দেওয়া শুরু হয়। প্রথম ৫ টি ক্ষেত্রে (পদার্থ, রসায়ন, চিকিৎসা, শান্তি ও সাহিত্য) পুরস্কার দেয়া হয়। পরবর্তীতে ১৯৬৯ সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার চালু করা হয়।

21) ( 5^(n 2) 35*(5^(n-1)) )/4*5^n এর মান কত?

1) 4
✔ 2) 8
3) 5
4) 7

**ব্যাখ্যা :** ( 5^(n 2) 35*(5^(n-1)) )/4*5^n=25+7/4=8

22) নিচের কোনটির বিদ্যুৎ পরিবাহিতা সবচেয়ে বেশি ?

1) তামা
✔ 2) রূপা
3) সোনা
4) কার্বন

**ব্যাখ্যা :** যে সব পদার্থের মধ্য দিয়ে সহজেই বিদ্যৎ প্রবাহিত হয়, তারা বিদ্যুৎ পরিবাহী পদার্থ। যেমনঃ (রূপা>তামা>সোনা>লোহা)।

Hello BCS

23) বাংলায় চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তন করা হয় কোন সালে ?

1) ১৭০০ সালে
2) ১৭৬২ সালে
3) ১৯৬৫ সালে
✔ 4) ১৭৯৩ সালে

**ব্যাখ্যা :** লর্ড কর্নওয়ালিস কর্তৃক ১৭৯৩ সালে "চিরস্থায়ী বন্দোবস্ত" প্রবর্তন করেন।
এ নিয়মে জমিদারগণ কর্তৃক সরকারকে এবং প্রজাগণ কর্তৃক জমিদারকে দেয়া বার্ষিক খাজনা স্থায়ীভাবে স্থিরীকৃত হয়। তাই এ প্রথাকে আবার সূর্যাস্ত আইন ও বলা হয়।

24) ফোর্ট উইলিয়াম কলেজের অধ্যক্ষ কে ছিলেন?

✔ 1) উইলিয়াম কেরি
2) লর্ড ওয়েলেসলি
3) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার
4) রামরাম বসু

**ব্যাখ্যা :** ১৮০০ সালে প্রতিষ্ঠিত ফোর্ট উইলিয়াম কলেজের অধ্যক্ষ ছিলেন উইলিইয়াম কেরী।

25) ১৯৭১ সনের কত তারিখে মুজিবনগর স্বাধীন বাংলাদেশ অস্থায়ী সরকার গঠিত হয় ?

1) ৭ মার্চ, ১৯৭১ খৃঃ
2) ১৭ মার্চ, ১৯৭১ খৃঃ
✔ 3) ১০ এপ্রিল, ১৯৭১ খৃঃ
4) ১৬ ডিসেম্বর, ১৯৭১ খৃঃ

**ব্যাখ্যা :** ১৯৭১ সনের ১০ এপ্রিল মুজিবনগর স্বাধীন বাংলাদেশ অস্থায়ী সরকার গঠিত হয়। এ সরকার শপথ গ্রহন করে ১৭ এপ্রিল, ১৯৭১ সনে।

Hello BCS

26) আয়তনে পৃথিবীর সবচেয়ে ছোট দেশ?

1) ফিজি
✔ 2) ভ্যাটিকান
3) কুয়েত
4) মালদ্বীপ

**ব্যাখ্যা :** আয়তনে পৃথিবীর সবচেয়ে ছোট দেশ ভ্যাটিকান এবং বড় দেশ রাশিয়া। সবচেয়ে বড় মহাদেশ এশিয়া।

27) Dengue fever is spread by -

✔ 1) Aedes aegypti mosquito
2) Common house flies

3) Anophilies mosquito
4) Rats and squirrels

**ব্যাখ্যা :** ডেঙ্গু ভাইরাস এডিস মশার মাধ্যমে ছড়িয়ে থাকে। সাধারণত কোন ডেঙ্গু রোগীকে কামড়ানোর ৮-১১ দিনের মধ্যে সংক্রমনে পরিণত হয়। মাংসপেশীতে মারাত্মক ব্যাথা অনুভব হয়ে থাকে এ জন্য ডেঙ্গুকে ব্যাকবোন ফিভারও বলা হয়ে থাকে। এতে খুব মাথা ব্যাথা হয়।

28) The International Court of Justice is located in -

1) New York
2) London
3) Geneva
✔ 4) Hague

**ব্যাখ্যা :** জাতিসংঘের আন্তর্জাতিক আদালতের বাইরে আন্তর্জাতিক অপরাধ আদালত একটি স্বতন্ত্র প্রতিষ্ঠান। এটি গণহত্যা, যুদ্ধাপরাধী, মানবতা বিরোধীদের বিচার করে থাকে। এটি চালু হয় ১ জুলাই ২০১২ সালে। এর সদর দপ্তর হেগ। সদস্য ১২১ টি।

29) Tiger: Zoology :: Mars :_____

1) Astrology
2) Crytology
✔ 3) Astronomy
4) Telescopy

**ব্যাখ্যা :** Tiger বা বাঘ হলো একটি প্রাণী এবং Zoology বা প্রাণিবিদ্যা হলো প্রাণী সম্পর্কিত বিদ্যা। তেমনি Mars বা মঙ্গলগ্রহ হলো একটি গ্রহের নাম এবং Astronomy বা জ্যোতিবিদ্যা হলো গ্রহ - নক্ষত্রবিষয়ক বিদ্যা।

Hello BCS

30) N.B stands for -

1) Note before
2) No bar
3) Non bearing
✔ 4) Nota bene

**ব্যাখ্যা :** Nota bene (Latin) = Note please/well

31) শ্যামদেশ কোন দেশের পুরাতন নাম?

1) মিসর
2) ইরাক
3) ইরান
✔ 4) থাইল্যান্ড

**ব্যাখ্যা :** থাইল্যান্ড- শ্যামদেশ ; ইরাক- মেসপটেমিয়া ; ইরান- পারস্য।

32) তাহরির স্কয়ার- কোথায় অবস্থিত?

1) সিউল
2) আম্মান
✔ 3) কায়রো
4) তেহরান

**ব্যাখ্যা :** তাহরির স্কয়ার- মিশরের কায়রোতে অবস্থিত। এটি আরব বসন্তের অন্যতম প্রাণকেন্দ্র স্বরূপ।

33) অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল-এর সদর দপ্তর কোথায়?

✔ 1) লন্ডন
2) প্যারিস
3) জেনেভা
4) রোম

**ব্যাখ্যা :** অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল মানবাধিকার সংরক্ষনে একটি আন্তর্জাতিক সংস্থা। প্রতিষ্ঠা- ১৯৬১। সদর দপ্তর- লন্ডন।

34) জমির লবণাক্ততা নিয়ন্ত্রণ করে কোনটি ?

1) কৃত্রিম সার প্রয়োগ
✔ 2) পানি সেচ
3) জমিতে নাইট্রোজেন ধরে রাখা
4) প্রাকৃতিক সার প্রয়োগ

**ব্যাখ্যা :** কৃত্রিম সার প্রয়োগে জমির লবণাক্ততা সামান্য বৃদ্ধি পায়। প্রাকৃতিক সার প্রয়োগ এবং মাটিতে নাইট্রোজেন ধরে রাখার সাথে জমির লবণাক্ততার কোন সম্পর্ক নেই।

35) বাংলাদেশের প্রথম জাতীয় সংসদ নির্বাচন কবে হয় ?

✔ 1) ৭ মার্চ,১৯৭৩
2) ৫ মার্চ,১৯৭৩
3) ৬ এপ্রিল,১৯৭৩
4) ১১ এপ্রিল,১৯৭৩

**ব্যাখ্যা :** বাংলাদেশের ইতিহাসে প্রথম জাতীয় সংসদ নির্বাচন হয় ৭ মার্চ, ১৯৭৩ সালে। নবম জাতীয় সংসদ নির্বাচন হয় ২৯ ডিসেম্বর ২০০৮ সালে।

Hello BCS

36) বাংলা সাহিত্যের জনক হিসেবে কার নাম চিরস্মরণীয়?

✔ 1) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়
2) মাইকেল মধুসূদন দত্ত
3) রাজা রামমোহন রায়
4) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**ব্যাখ্যা :** এই প্রশ্নটি বিতর্কিত। বাংলা সাহিত্যের যতি চিহ্নের প্রবর্তক/গদ্যের জনক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বাংলা উপন্যাসের জনক। মাইকেল মধুসুদন দত্ত আধুনিক কবিতার জনক। এখানে সাহিত্য হিসেবে উপন্যাসকে প্রাধান্য দেয়া হয়েছে।

37) ইদানিং আপনার মনে হচ্ছে সংসারে আপনার গুরুত্ব হ্রাস পাচ্ছে। আপনি এমন অবস্থায় -

1) খুবই হতাশাবোধ করবেন
2) বন্ধুদের সাথে বিষয়টি আলাপ করবেন
✔ 3) সংসারের প্রতি গভির মনোযোগ দিবেন
4) ক্ষোভ ও দুঃখ প্রকাশ করে মন খারাপ করবেন

**ব্যাখ্যা :**

পারিবারিক সমস্যা একান্তই পারিবারিক। হতাশা,দুঃখ, ক্ষোভ বা বন্ধুদের সাথে আলোচনা করে এর সমাধান সম্ভব নয়। তাই এই সমস্যার সমাধানের জন্য সংসারের প্রতি গভীর মনোযোগী হওয়াই বাঞ্ছনীয় ।

38)

The term PC means-

1) Professional Computer
2) Private Computer
3) Prime Computer
✔ 4) Personal Computer

**ব্যাখ্যা :**

PC বলতে Personal Computer বা নিজস্ব কম্পিউটার বোঝায়।

39) ১৯৮৫ সালে নাসির উদ্দীন স্বর্ণ পদক কে পান?

✔ 1) সৈয়দ আলী আহসান
2) সৈয়দ ওয়ালীউল্লাহ
3) সৈয়দ শামসুল হক
4) সিকান্দার আবু জাফর

Hello BCS

**ব্যাখ্যা :** শিক্ষাবিদ ও কবি সৈয়দ আলী আহসানের বিখ্যাত অনুবাদ গ্রন্থ' হুইটম্যানের কবিতা' ও 'ইডিপাস । বাংলা সাহিত্যে অনন্য অবদানের জন্য তিনি বাংলা একাডেমি সাহিত্য পুরস্কার (১৯৬৭) ,সুফী মোতাহের হোসেন স্বর্ণপদক (১৯৮৫), নাসির উদ্দিন স্বর্ণপদক (১৯৮৫) স্বাধীনতা পুরস্কারসহ (১৯৮৮) নানা পুরস্কার লাভ করেন। [তথ্যসূত্রঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা ড. সৌমিত্র শেখর ]

40) মধ্যযুগের কবি নন কে?

✔ 1) জয়নন্দী
2) বড়ু চণ্ডীদাস
3) গোবিন্দ দাস
4) জ্ঞান দাস

**ব্যাখ্যা :** জয়নন্দী প্রাচীনযুগের চর্যাপদের কবি। অন্য তিনজন মধ্যযুগের কবি। [তথ্যসূত্র - বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা, সৌমিত্র শেখর]

41) √169 is equal to -

1) 15
2) 11
✔ 3) 13
4) 17

**ব্যাখ্যা :** √169= √(13)$^2$=13 Ans.

42) তুমি আসবে বলে হে স্বাধীনতা- কার কবিতা?

1) শওকত ওসমান
2) সিকান্দার আবু জাফর
3) সুফিয়া কামাল
✔ 4) শামসুর রাহমান

**ব্যাখ্যা :** তুমি আসবে বলে হে স্বাধীনতা- কবিতা্টি লিখেছেন কবি শামসুর রহমান (১৯২৯-২০০৬)।

43) বিষমবাহু ΔABC-এর বাহুগুলির মান এমনভাবে নির্ধারিত যে, AD মধ্যমা দ্বারা গঠিত ΔABD-এর ক্ষেত্রফল x বর্গমিটার। ΔABC-এর ক্ষেত্রফল কত?

✔ 1) 2x বর্গমিটার
2) (x/2)^2 বর্গমিটার
3) (√x/3)^3 বর্গমিটার
4) x^2 বর্গমিটার

**ব্যাখ্যা :** মধ্যমা দিয়ে একটি ত্রিভুজ সমান দুটি ক্ষেত্র বিশিষ্ট ত্রিভুজ তৈরী করে।

Hello BCS

44) গাড়ীর ব্যাটারীতে কোন এসিড ব্যবহার করা হয় ?

1) নাইট্রিক
✔ 2) সালফিউরিক
3) হাইড্রোক্লোরিক
4) পারক্লোরিক

**ব্যাখ্যা :** গাড়ীর ব্যাটারীতে সালফিউরিক এসিড ব্যবহৃত হয়। এর সংকেত $H_2SO_4$। আনবিক ভর ৯৮ গ্রাম।

45) কুলীন কুল সর্বস্ব নাটকটি কার রচনা?

1) মাইকেল মধুসূদন দত্ত
2) দীনবন্ধু মিত্র
✔ 3) রামনারায়ণ তর্করত্ন
4) রবীন্দ্রনাথ ঠাকুর

**ব্যাখ্যা :** কুলীন কুল সর্বস্ব নাটকটি রামনারায়ন তর্করত্ন লেখা। প্রকাশকাল ১৮৪৫। এটি একটি সামাজিক নাটক।

46) World 'No Tobacco Day' is observed on -

1) May 25
2) May 28
3) May 30
✔ 4) May 31

**ব্যাখ্যা :** তামাক একটি বিষাক্ত পদার্থ। এটি মানবজীবনে বহুবিধ ক্ষতি সাধন করে। তাই বিশ্ববাসী ৩১ মে তামাকমুক্ত দিবস হিসেবে পালন করে। বিশ্বের ১ম তামাকমুক্ত দেশ ভুটান।

Hello BCS

47) বাংলাদেশ ও মায়ানমার কে বিভক্তকারী নদী কোনটি?

1) কর্ণফুলী
2) হালদা
✔ 3) নাফ
4) সাংগু

**ব্যাখ্যা :** বাংলাদেশ ও মায়ানমার কে বিভক্তকারী নদী তিনটি। যথাঃ মাতামুহুরী, নাফ, সাঙ্গু।

48) কোনটি D-৮ ভুক্ত দেশ নয়?

1) নাইজেরিয়া
✔ 2) ভারত
3) মালয়েশিয়া
4) তুরস্ক

**ব্যাখ্যা :** D-৮ ভুক্ত দেশগুলো হচ্ছে- বাংলাদেশ, পাকিস্তান, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, তুরস্ক, মিশর, ইরান ও নাইজেরিয়া। এর সদর দপ্তর তুরস্কের ইস্তাম্বুলে।

49) Photosynthesis takes place in -

1) Roots of the plant
2) Stems of the plants
✔ 3) Green parts of the plants
4) All parts of the plants

**ব্যাখ্যা :** সালোকসংশ্লেষণ উদ্ভিদের পাতায়(সবুজ অংশে) সম্পন্ন হয়

50) কোন খাদ্যে প্রোটিন বেশি ?

1) ভাত
2) গরুর মাংস
✔ 3) মসুর ডাল
4) ময়দা

**ব্যাখ্যা :** প্রোটিনের উৎসসমূহ হচ্ছে- মসুর ডাল, শুটকী মাছ, মাছ, গরুর মাংস, দুধ, ডিম, শীমের বীচি ইত্যাদি। [তথ্যসূত্রঃ দৈনিক পত্রিকা ]

51) আরব বসন্ত- বলতে কি বুঝায়?

✔ 1) আরবের বিভিন্ন দেশে গণজাগরণ
2) আরব অঞ্চলে বসন্তকাল
3) আরব রাজতন্ত্র
4) আরবীয় মহিলাদের ক্ষমতায়ন

**ব্যাখ্যা :** আরব বসন্ত- বলতে আরবের বিভিন্ন দেশে গণজাগরণকে বুঝায়। তিউনিশিয়ায় প্রথম ২০১০ সালের ডিসেম্বরে গণজাগরণ শুরু হয়।

52) একটি আয়তাকার কক্ষের ক্ষেত্রফল ১৯২ বর্গমিটার। এর দৈর্ঘ্য ৪ মিটার কমালে এবং প্রস্থ ৪ মিটার বাড়ালে ক্ষেত্রফল অপরিবর্তিত থাকে। আয়তাকার কক্ষের সমান পরিসীমাবিশিষ্ট বর্গাকার কক্ষের ক্ষেত্রফল কত হবে?

1) ২২৫ বর্গমিটার
2) ১৪৪ বর্গমিটার
3) ১৬৯ বর্গমিটার
✔ 4) ১৯৬ বর্গমিটার

Hello BCS

**ব্যাখ্যা :** xy=192; (x-4)(y+4)=192; xy+4x-4y-16=192; x-y=4; x=y+4; (y+4)y=192; $y^2$+4y=192; y y=$^2$+4y-192=0; $y^2$+16y-12y-192=0; y(y+16)-12(y+16)=0; (y+16)(y-12)=0; y=12; x=16; পরিসীমা=2(16+12)=56 ; দৈর্ঘ্য=n56/4=14; আয়তাকার কক্ষের ক্ষেত্রফল= $(14)^2$=196

53) 'Maiden speech' means .

✔ 1) First speech
2) Late speech
3) Early speech
4) Final speech

**ব্যাখ্যা :** কোন বক্তৃতার First speech কে Maiden speech বলে।

54) পরমাণুর নিউক্লিয়াসে কী কী থাকে?

✔ 1) নিউট্রন ও প্রোট্রন
2) ইলেক্ট্রন ও প্রোটন
3) নিউট্রন ও পজিট্রন
4) ইলেক্ট্রন ও পজিট্রন

**ব্যাখ্যা :** প্রতিটি কোষের নিউক্লিয়াসে প্রোটন ও নিউট্রন নামক কণিকা বিদ্যমান।

55) প্রাকৃতিক কোন উৎস থেকে সবচেয়ে বেশি মৃদু পানি পাওয়া যায়?

1) সাগর
2) হ্রদ
3) নদী
✔ 4) বৃষ্টি

**ব্যাখ্যা :** বৃষ্টি একধরনের তরল, যা আকাশ থেকে মাধ্যাকর্ষণের টানে ভূপৃষ্ঠের দিকে পড়ে। পৃথিবীর বায়ুমণ্ডলে জলীয় বাষ্প ঘনীভূত হয়ে মেঘের সৃষ্টি করে। এই ফোঁটাগুলি যথেষ্ট পরিমাণে ভারি হলে তা পৃথিবীর বুকে ঝরে পড়ে - একেই বলে বৃষ্টি। বিশ্বের অধিকাংশ অঞ্চলে বৃষ্টি সুপেয় জলের বড় উৎস। বিচিত্র জৈবব্যবস্থাকে বাঁচিয়ে রাখতে, জলবিদ্যুৎ প্রকল্পগুলি সচল রাখতে ও কৃষি সেচব্যবস্থা সচল রাখতে বৃষ্টির প্রয়োজন হয়। যদিও সকল প্রকার বৃষ্টি ভূপৃষ্ঠ অবধি পৌঁছায় না। শুকনো বাতাসের মধ্য দিয়ে পড়ার সময় কিছু বৃষ্টির বিন্দু শুকিয়ে যায়। ভারগা নামে পরিচিত এই বৈশিষ্ট্যটি শুষ্ক মরুভূমি অঞ্চলে দেখা যায়। বৃষ্টির এমইটিএআর কোড হল আরএ।

56) নিম্নের কোন সংস্থাটি ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি দিয়েছে?

1) UNDP
✔ 2) UNESCO
3) UNICEF
4) UNCTAD

Hello BCS

**ব্যাখ্যা :** UNESCO কর্তৃক ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসাবে স্বীকৃতি দেয়া হয়।

57) In Cricket game the length of the pitch between th two wickets is -

1) 24 yards
2) 23 yards
✔ 3) 22 yards
4) 21 yards

**ব্যাখ্যা :** ক্রিকেট খেলার জন্ম ইংল্যান্ডে। ক্রিকেট খেলার মাঠের মাঝখানে ২২ গজ লম্বা ও ৮ ফুট ৮ ইঞ্চি চওড়া স্থানকে পিচ বলে।

58) তত্ত্ববোধিনী- পত্রিকার সম্পাদক কে ছিলেন?

✔ 1) অক্ষয়কুমার দত্ত
2) প্যারীচাঁদ মিত্র
3) সৈয়দ মুজতবা আলী
4) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

**ব্যাখ্যা :** প্রকাশকাল ১৮৪৩। প্রতিষ্ঠাতা দেবেন্দ্রনাথ ঠাকুর। প্রথম সম্পাদক অক্ষয়কুমার দত্ত।

59) What is the masculine gender of 'mare'

1) Mermaid
2) Bear
✔ 3) Stallion
4) Dog

**ব্যাখ্যা :** Mare শব্দের অর্থ ঘোটকী এর masculine Gender বা পুংলিঙ্গ হলো stallion বা ঘোড়া। Dog এর feminine gender হচ্ছে bitch. Bear এর feminine gender হচ্ছে sow. Mermaid এর masculine gender হচ্ছে merman. [source- https://termcoord.eu/2018/02/male-and-female-animal-names]

60) ইউরিয়া থেকে উদ্ভিদ কি খাদ্য উপাদান গ্রহণ করে ?

1) ফসফরাস
✔ 2) নাইট্রোজেন
3) পটাশিয়াম
4) সালফার

**ব্যাখ্যা :** ইউরিয়া সার থেকে উদ্ভিদ নাইট্রোজেন উপাদান গ্রহন করে। ইউরিয়া সারে নাইট্রোজেনের পরিমান ৪৪-৪৬%।

Hello BCS

61) লয়াজিরগা- কোন দেশের আইন সভা?

✔ 1) আফগানিস্তান
2) লেবানন
3) সিরিয়া
4) ফিজি

**ব্যাখ্যা :** আফগানিস্তানের বিভিন্ন সম্প্রদায় , সম্মানিত উপজাতীয় ও রাজনৈতিক নেতাদের সর্বোচ্চ পরিষদ 'লয়া জিরগা' ( Loya Jirga ) । আফগানিস্তানের দ্বিকক্ষ বিশিষ্ট আইনসভার নাম 'ন্যাশনাল অ্যাসেম্বলি ' ( National Assembly ) । নিম্নকক্ষের নাম 'ওলেসি জিরগা' (ইংরেজিতে House of the People) এবং উচ্চকক্ষের নাম 'মেশারানো জিরগা' (ইংরেজিতে House of Elders) ।

62) দেয়াল- রচনাটি কার?

✔ 1) হুমায়ূন আহমেদ
2) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়
3) বুদ্ধদেব বসু
4) সেলিনা হোসেন

**ব্যাখ্যা :** দেয়াল" হুমায়ুন আহমেদ (১৩ নভেম্বর, ১৯৪৮ - ১৯ জুলাই, ২০১২)- এর মৃত্যু পরবর্তী প্রকাশিত উপন্যাস। প্রকাশকাল ২০১২।

63) একটি বৃত্তের পরিধি ও ক্ষেত্রফল যথাক্রমে ১৩২ সেন্টিমিটার ও ১৩৮৬ বর্গসেন্টিমিটার। বৃত্তটির বৃহত্তম জ্যা-এর দৈর্ঘ্য কত?

1) ৬৬ সেন্টিমিটার
✔ 2) ৪২ সেন্টিমিটার
3) ২২ সেন্টিমিটার
4) ২১ সেন্টিমিটার

**ব্যাখ্যা :** বৃত্তের বৃহত্তম জ্যা= বৃত্তের ব্যাস, 2r

64)
বাংলা সাহিত্যের পঠন-পাঠনের সুবিধার জন্য বাংলা সাহিত্যের ইতিহাসকে তিনটি যুগে ভাগ করা হয়েছে-- বাংলা সাহিত্যের প্রাচীন যুগ

1) ৬৫০-১২৫০
2) ৬৫০-৮৫০
✔ 3) ৬৫০-১২০০
4) ৪৫০-৬৫০

**ব্যাখ্যা :**

Hello BCS

প্রাচীন যুগ --(৬৫০--১২০০), মধ্যযুগ (১২০১--১৮০০ ), আধুনিক যুগ ১৮০১ থেকে বর্তমান পর্যন্ত।

65) মামুন 240 টাকায় একই রকম কতগুলি কলম কিনে দেখল যে, যদি সে একটি কলম বেশি পেত তাহলে প্রতিটি কলমের মূল্য 1 টাকা কত পড়ত। সে কতগুলি কলম কিনেছিল?

1) 13 টি
2) 14 টি
✔ 3) 15 টি
4) 16 টি

**ব্যাখ্যা :** 240/x - 240/(x+1)= 1; 240x+240-240x/x(x+1)=1; $x^2$+x-240=0; $x^2$+16x-15x-240=0; x(x+16)-15(x+16)=0; (x+16)(x-15)=0; x=15

66) কোপেন হেগেন কোন দেশের রাজধানী?

✔ 1) ডেনমার্ক
2) বেলজিয়াম
3) ভিয়েতনাম
4) আর্মেনিয়া

**ব্যাখ্যা :** ডেনমার্কের রাজধানী কোপেনহেগেন। বেলজিয়াম- ব্রাসেলস ; ভিয়েতনাম- হ্যানয়।

67) মানবদেহে শক্তি উৎপাদনের প্রধান উৎস

1) পরিপাক
2) খাদ্যগ্রহন
✔ 3) শ্বসন
4) রক্ত সংবহন

**ব্যাখ্যা :** মানবদেহে শক্তি উৎপাদনের প্রধান উৎস শ্বসন। শ্বসন প্রক্রিয়ার শর্করা, আমিষ, চর্বি, জৈব এসিড ইত্যাদি খাদ্যদ্রব্য অক্সিজেন সহযোগে জারিত হয়ে শক্তি ও কার্বন ডাই-অক্সাইড উৎপন্ন করে ।

68)

✔ 1) E,Y
2) X,T
3) S,T
4) T,B

**ব্যাখ্যা :** উক্তস্থান দ্বয়ে EY বসালে যর্থাথ হয়। Ans: ASSEMBLY

Hello BCS

69) ক,খ-এর পুত্র। খ এবং গ পরস্পর বোন। ঘ হচ্ছে গ এর মা, চ, ঘ- এর পুত্র। চ-এর সঙ্গে ক- এর সম্পর্ক কি?

✔ 1) ক এর মামা চ
2) ক এর খালু চ
3) চ এর নানা ক
4) ক এর চাচা চ

**ব্যাখ্যা :** ঘ এর পুত্র চ। খ ওগ হলো ঘ এর কন্যা এবং ক হলো খ এর পুত্র। তাই ঘ, ক - এর নানী এবং নানীর পুত্র স্বভাবতই মামা।

70) বাংলাদেশ শেয়ারবাজার কার্যক্রম কোন সংস্থা নিয়ন্ত্রণ করে?

1) অর্থ মন্ত্রণালয়
2) প্রধানমন্ত্রীর কার্যালয়
3) বাংলাদেশ ব্যাংক
✔ 4) সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন

**ব্যাখ্যা :** বাংলাদেশ শেয়ারবাজার কার্যক্রম নিয়ন্ত্রক সংস্থা সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন। এটি ৮ জুন, ১৯৯৩ সনে প্রতিষ্ঠিত।

71) ০.০৩, ০.১২, ০.৪৮, -- শূন্যস্থানে সংখ্যাটি কত হবে?

1) ০.৯৬
2) ১.৪৮
✔ 3) ১.৯২
4) ১.৫০

**ব্যাখ্যা :** 0.12/0.03=0.48/0.12=4; 0.48*4=1.92

72) প্রাণি জগতের উৎপত্তি ও বংশ সম্বন্ধীয় বিদ্যাকে বলে-

1) জুওলজী
2) বায়োলজী
3) ইভোলিওশন
✔ 4) জেনেটিক্স

**ব্যাখ্যা :** জীববিজ্ঞানের যে শাখায় বংশগতি সম্পর্কে আলোচনা করা হয়, তাকে জেনেটিক্স বলে। প্রাণী বিজ্ঞানের যে শাখায় জীবের বিবর্তন নিয়ে আলোচনা করা হয়, তাকে ইভোলিউশন বলে। সোসঃ ৩৪ তম বিসিএস প্রিলি, ( প্রফেসর'স জব সলুশন)

73) x + y = 2, x^2 + y^2 = 4 হলে x^3 + y^3 = কত?

✔ 1) 8

Hello BCS

2) 9
3) 16
4) 25

**ব্যাখ্যা :** $x^2+y^2=4$; $(x+y)^2-2xy=4$; $(x+y)^2=4+2xy$; $xy=0$; $x^3+y^3=(x+y)^3-3xy(x+y)=8$

74) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কত তারিখে জন্মগ্রহণ করেন?

1) ২১ জুন ১৯৪১ খৃঃ
✔ 2) ১৭ মার্চ ১৯২০ খৃঃ
3) ১ মার্চ ১৯১৯ খৃঃ
4) ১৭ মার্চ ১৯২১ খৃঃ

**ব্যাখ্যা :** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭৫ সালের ১৫ আগস্ট স্বপরিবারে নিহত হন।

75) একটি শ্রেণিতে যতজন ছাত্র-ছাত্রী আছে প্রত্যেকে তত পয়সার চেয়ে আরও 25 পয়সা বেশি করে চাঁদা দেওয়ায় মোট 75 টাকা উঠল। ঐ শ্রেণির ছাত্র-ছাত্রী সংখ্যা কত?

1) 70
2) 85
✔ 3) 75
4) 100

**ব্যাখ্যা :** $x(x+25)=75*1000$;
$=>x^2+25x=7500$;
$=>x^2+25x-7500=0$;
$=>x^2+100x-75x-7500=0$;
$=> x(x+100)-75(x+100)=0$;
$=>(x+100)(x-75)=0$;
$=>x=75$

Hello BCS

76) বাংলা সাহিত্যের অন্ধকার যুগের মেয়াদকাল—

✔ 1) ১২০১-১৩৫০
2) ১৩০১-১৪৫০
3) ১২০১-১৪৫০
4) ১২০০-১৩০০

**ব্যাখ্যা :** বাংলা সাহিত্যের অন্ধকার যুগের মেয়াদকাল— ১২০১--১৩৫০। প্রাচীন যুগ --(৬৫০--১২০০), মধ্যযুগ (১২০১--১৮০০ ), আধুনিক যুগ ১৮০১ থেকে বর্তমান পর্যন্ত। কিন্তু এই যুগ বিভাগের মধ্য ১২০১--১৩৫০ পর্যন্ত সময়কে অন্ধকার যুগ বলা হয়।

77) Who is known as the 'Lady of the Lamp'?

1) Sorojini Naidu
2) Hellen Killer
✔ 3) Florence Nightingale
4) Madame Teresa

**ব্যাখ্যা :** চিরকুমারী ফ্লোরেন্স নাইঙ্গেল ১৮২০ সালের ১২ মে ইতালির ফ্লোরেন্স শহরে জন্মগ্রহন করেন। তিনি ক্রিমিয়ার যুদ্ধে আহত সৈনিকদের হাতে আলো নিয়ে সারারাত দেখাশোনা করতেন। এজন্য তাকে বলা হয় "Lady of the Lamp"। ১৯১০ সালের ১৩ আগস্ট তিনি মারা যান।

78)
বাংলা ভাষার আদি নিদর্শন চর্যাপদ আবিস্কৃত হয় কত সালে ?

1) ১৮০০
2) ১৮৫৭
✔ 3) ১৯০৭
4) ১৯০৯

**ব্যাখ্যা :**

বাংলা সাহিত্যের প্রাচীন নিদর্শন চর্যাপদ। আবিষ্কার- ১৯০৭। স্থান- নেপালের গ্রন্থাগার। আ্বিষ্কারক- ড. হরপ্রসাদ শাস্ত্রী।

79)

For which of the following disciplines Noble Prize is awarded?

1) Physics and Chemistry
2) Physiology or Medicine Literature
3) Peace and Economics
✔ 4) All of the above

**ব্যাখ্যা :**

উপরের সবগুলো ক্ষেত্রেই নোবেল পুরস্কার দেওয়া হয়।

80) কোন কাব্যটি পল্লী কবি জসীম উদ্দীন রচিত?

1) চৈতালী
✔ 2) রাখালী
3) ফনিমনসা
4) আলো পৃথিবী

Hello BCS

**ব্যাখ্যা :** রাখালী কাব্যটি জসীমউদ্দীন রচিত। প্রকাশকাল ১৯২৭।

81) বহুল আলোচিত মুহুরীর চর কোন জেলায় অবস্থিত?

1) নোয়াখালী
✔ 2) ফেণী
3) লালমনিরহাট
4) সাতক্ষীরা

**ব্যাখ্যা :** বহুল আলোচিত মুহুরীর চর "ফেণী" জেলায় অবস্থিত। চরশ্রীজনি, চরশাহাবানী নোয়াখালী জেলায় অবস্থিত।

82) কোন জলজ জীবটি বাতাসে নিঃশ্বাস নেয়?

1) তিমি
2) ইলিশ
✔ 3) শুশুক
4) হাঙ্গর

**ব্যাখ্যা :** পানিতে বাস করেও বাতাসে নিঃশ্বাস নেয় শুশুক। এটি একটি স্তন্যপায়ী প্রাণী।

83) রক্তে হিমোগ্লোবিনের কাজ -

✔ 1) অক্সিজেন পরিবহন করা
2) রোগ প্রতিরোধ করা
3) রক্ত জমাট বাঁধতে সাহায্য করা
4) উল্লেখিত সবকয়টিই

**ব্যাখ্যা :** হিমোবিনের উপস্থিতির কারনে রক্ত লাল হয়। এর কাজ অক্সিজেন পরিবহনে সাহায্য করা।

84) A = {1, 2, 3} , B = ∅ হলে A ∪ B = কত?

✔ 1) {1, 2, 3}
2) {1, 2, ∅}
3) ∅
4) {2, 3, ∅}

**ব্যাখ্যা :** A ∪ B means union of all the elements of both sets A and B
A U B ={1,2,3} U ∅
={1, 2, 3}

Hello BCS

85) 'Botany' is to 'plants' as 'Zoology is to__.

1) flowers
2) trees
3) dear
✔ 4) animals

ব্যাখ্যা : Botany (উদ্ভিদবিদ্যা) Plants (উদ্ভিদ) নিয়ে আলোচনা করে। তদ্রুপ , Zoology (প্রাণিবিদ্যা ) animals বা প্রাণীদের নিয়ে আলোচনা করে।

86) Badminton is the national sport of -

✔ 1) Malaysia
2) Scotland
3) China
4) Nepal

ব্যাখ্যা : Badminton is the national game of Malaysia and it is a racquet sport played using racquets to hit a shuttlecock across a net.

87) Fill in the blank of the following sentence with the right form of verb. if I _____ a king!

1) am
2) was
✔ 3) were
4) shall be

ব্যাখ্যা : অবাস্তব বুঝালে to be verb এর জায়গায় were বসে।

88) কোন সংখ্যার ০.১পৌনোপৌনিক ভাগ এবং ০.১ ভাগের মধ্যে পার্থক্য ১.০ হলে, সংখ্যাটি কত?

1) ১০
2) ৯
✔ 3) ৯০
4) ১০০

ব্যাখ্যা : x(1/9-0.1)=1; x=1/0.01111=90

89) The term PC means -

1) Private computer
2) Prime computer
✔ 3) Personal computer

Hello BCS

4) Professional computer

**ব্যাখ্যা :** কম্পিউটার শব্দের অর্থ গণনা করা। কম্পিউটার হলো গণনাকারী যন্ত্র। আধুনিক কম্পিউটারের জনক চার্লস ব্যাবেজ। একজন ব্যাক্তির ব্যবহার উপযোগী কম্পিউটারকে Personal computer বলে। এটি একজন ব্যবহারকারী ব্যবহার করে।

90) মুক্তিযুদ্ধ ভিত্তিক উপন্যাস কোনটি ?

1) ক্রীতদাসের হাসি
2) মাটি আর অশ্রু
✔ 3) হাঙর নদী গ্রেনেড
4) সারেং বৌ

**ব্যাখ্যা :** হাঙর নদী গ্রেনেড বাংলাদেশের প্রখ্যাত সাহিত্যিক সেলিনা হোসেন রচিত একটি বাংলা ভাষার উপন্যাস। উপন্যাসটি ১৯৭৬ সালে প্রকাশিত হয়। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময়কালের যশোরের কালীগঞ্জ গ্রামের এক মায়ের সত্য ঘটনা অবলম্বনে সেলিনা হোসেন এই উপন্যাসটি রচনা করেন। [তথ্যসূত্রঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা ড. সৌমিত্র শেখর ]

91) নীলদর্পণ নাটকটির বিষয়বস্তু কি?

✔ 1) নীলকরদের অত্যাচার
2) ভাষা আন্দোলন
3) অসহযোগ আন্দোলন
4) তে-ভাগা আন্দোলন

**ব্যাখ্যা :** নীলদর্পণ নাটকটির রচয়িতা দীনবন্ধু মিত্র। প্রকাশ কাল ১৮৬০। নাটকটির বিষয়বস্তু নীলকরদের অত্যাচার।

92) ঘরে বাইরে- উপন্যাসটি কার লেখা?

1) আলাওল
2) কাজী দীন মহম্মদ
3) কাজী মোতাহের হোসেন
✔ 4) রবীন্দ্রনাথ ঠাকুর

**ব্যাখ্যা :** ঘরে বাইরে- উপন্যাসটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা। প্রকাশকাল ১৯০৯। এটি স্বদেশী আন্দোলনের পটভূমিতে রচিত। ব্রিটিশ ভারতের রাজনীতি এর মূল উপজীব্য বিষয়। উল্লেখযোগ্য চরিত্র বিমলা, নিখিলেশ, সন্দীপ ।

93) বাংলাদেশ টেলিভিশনের যাত্রা শুরু হয় কত সনে?

1) ১৯৪৭ খৃঃ
2) ১৯৫৮ খৃঃ

Hello BCS

✔ 3) ১৯৬৪ খৃঃ
4) ১৯৬৫ খৃঃ

**ব্যাখ্যা :** বাংলাদেশ টেলিভিশনের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয় ২৫ ডিসেম্বর, ১৯৬৪ সালে।

94) সৈয়দ মুজতবা আলীর প্রবন্ধ গ্রন্থ কোনটি?

✔ 1) পঞ্চতন্ত্র
2) কালান্তর
3) প্রবন্ধ সংগ্রহ
4) শাশ্বত বঙ্গ

**ব্যাখ্যা :** সৈয়দ মুজতবা আলী রচিত ' পঞ্চতন্ত্র' দুই পর্বে বিভক্ত ব্যক্তিগত প্রবন্ধ সংকলন। প্রথম পর্বে ৩৪ টি এবং দ্বিতীয় পর্বে ৩১ টি মোট ৬৫ টি রচনার সংকলন এটি। এসব প্রবন্ধ 'বসুমতী' ও 'দেশ ' পত্রিকায় প্রকাশিত হয়েছিল।

95) ভাষা-আন্দোলন ভিত্তিক নাটক কোনটি ?

✔ 1) কবর
2) পায়ের আওয়াজ পাওয়া যায়
3) জন্ডিসও বিবিধ বেলুন
4) ওরা কদম আলী

**ব্যাখ্যা :** 'কবর' ১৯৫২ সালের ভাষা আন্দোলনের পটভূমিকায় রচিত। ১৯৫৩ সালের ১৭ জানুয়ারি নাটকটি রচিত হয় ; তখন তিনি ঢাকা কেন্দ্রীয় কারাগারে রাজবন্দী জানা যায়, আরেক রাজবন্দী রণেশ দাশগুপ্ত মুনীর চৌধুরীর কাছে চিঠি লিখেছিলেন জেলখানায় মঞ্চস্থ করা যায় এমন একটি নাটক লিখে দেয়ার জন্য। [তথ্যসূত্রঃ বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা ড. সৌমিত্র শেখর ]

96) সুষম খাদ্যের উপাদান কয়টি?

1) ৪ টি
2) ৫ টি
✔ 3) ৬ টি
4) ৮ টি

**ব্যাখ্যা :** সুষম খাদ্যের উপাদান ৬ টি। যথাঃ শর্করা, আমিষ, স্নেহ, ভিটামিন, খনিজ লবন ও পানি।

97) সুনামির (Tsunami) কারণ হলো-

1) চন্দ্র ও সূর্যের আকর্ষণ
2) ঘূর্ণিঝড়
3) আগ্নেয়গিরির অগ্নুৎপাত
✔ 4) সমুদ্র তলদেশের ভূমিকম্প

Hello BCS

**ব্যাখ্যা :** সুনামি (Tsunami) ‘সুনামি’ জাপানি শব্দ।
বাংলায় এর অর্থ ‘পোতাশ্রয় ঢেউ’।
সাগর বা নদী বা অন্য কোন জলক্ষেত্রে ভূমিকম্পের, ভূমিধ্বসের কিংবা আগ্নেয়গিরির উদগীরণের প্রভাবে সৃষ্ট জলোচ্ছ্বাসকেই বলা হয় সুনামি।

বিভিন্ন কারণে সুনামির সৃষ্টি হতে পারে। কারণগুলোর মধ্যে ভূমিকম্প, আগ্নেয়গিরির অগ্নুৎপাত, ভূমিধ্বস অন্যতম। তন্মধ্যে দুটি কারণ উলেখযোগ্য হলো সমুদ্রতলের ২০-৩০ কিলোমিটার গভীরে ভূমিকম্প সংঘটন এবং টেকটোনিক পেটের আকস্মিক উত্থান-পতন।

উৎসল : বাংলাপিডিয়া

98) নবায়নযোগ্য জ্বালানি কোনটি ?

- ✔ 1) পরামাণু শক্তি
- 2) কয়লা
- 3) পেট্রোল
- 4) প্রাকৃতিক গ্যাস

**ব্যাখ্যা :** যে শক্তি ব্যবহারের ফলে স্বল্প সময়ের নিঃশেষ হয়ে যায় কিন্তু দীর্ঘ মেয়াদী পরিসরে প্রাকৃতিকভাবে তা প্রতিস্থাপিত হয়, তাকে নবায়নযোগ্য জ্বালানি বলে। যেমনঃ সৌরশক্তি, পরমাণু শক্তি।

99) তিনটি ক্রমিক সংখ্যার গুণফল তাদের যোগফলের ৫ গুন ; সংখ্যা তিনটির গড় কত?

- ✔ 1) 4
- 2) 5
- 3) 3
- 4) 6

**ব্যাখ্যা :** $x(x+1)(x+2)=(x+x+1+x+2)5;$
$(x+1)(x^2+2x)=(x+1)15;$
$(x+1)(x^2+2x-15)=0;$
$(x+1)(x+5)(x-3)=0;$
$x=3;$ 3,4,5 গড়= 3+4+5/3=4

100) অতিরিক্ত খাদ্য থেকে লিভারে সঞ্চিত সুগার হল -

- ✔ 1) গ্লাইকোজেন
- 2) গ্লুকোজ
- 3) ফ্রুক্টোজ
- 4) সুক্রোজ

**ব্যাখ্যা :** অতিরিক্ত শর্করা খাদ্য প্রাণীদেহে গ্লাইকোজেন ও উদ্ভিদদেহে স্টার্চ হিসেবে জমা হয়।

Hello BCS

ঘরে বসেই পড়ুন আর পরীক্ষা দিন হ্যালো বিসিএস এপে। ওয়েবসাইটে এক্সাম দিতে ভিজিট করুনঃ live.hellobcs.com

Hello BCS